



আধুনিক জগতে স্বাধীনতা আরও সমৃদ্ধ, আরও সুখী, আরও ন্যায্য: স্কটল্যান্ড কেন নয়?

BUILDING A NEW
SCOTLAND



সারাংশ

মে 2021-এ, স্বাধীনতার পক্ষে একটি গণভোটে স্কটল্যান্ডবাসীরা স্কটল্যান্ডের অধিকাংশ সংসদ সদস্য অর্থাৎ মেম্বার অফ স্কটিশ পার্লামেন্ট (MSPs) বেছে নেওয়ার জন্য ভোট দিয়েছেন।

স্কটিশ সরকার মনে করেন যে গণভোটে জনসাধারণ যে বিকল্প বেছে নেন তা বুঝে শুনে নেওয়া উচিত।

স্কটল্যান্ডের ভবিষ্যত নিয়ে বিতর্কে তথ্য জানানোর উদ্দেশ্যে তৈরি করা একটি ধারাবাহিকের প্রথম অংশ এই পত্র। স্বাধীন স্কটল্যান্ড কিভাবে পরিচালনা করা যায় তার একটি পরিকল্পনা তারা একসাথে তৈরি করবে।

প্রথম পত্রটিতে বিভিন্ন পরিমাপের পরিপ্রেক্ষিতে ইয়োরোপের অন্যান্য দেশের তুলনায় UK-র কর্মক্ষমতা বিবেচনা করা হয়েছে।

Organisation for Economic Co-operation and Development (OECD) এবং Office for National Statistics (ONS)-এর মত নানা ধরনের স্বনামধন্য সংগঠনের দ্বারা প্রকাশিত পরিসংখ্যান এবং গবেষণার ভিত্তিতে এই বিশ্লেষণ করা হয়েছে।

এই ডেটা ব্যবহার করে আমরা বেশ কয়েকটি ইয়োরোপীয় দেশের সাথে UK-র কর্মক্ষমতা তুলনা করতে পারি। এইগুলিকে আমরা বলতে পারি 'তুলনায়োগ্য দেশ'। দেশগুলি হল অস্ট্রিয়া, বেলজিয়াম, ডেনমার্ক, আইসল্যান্ড, আয়ারল্যান্ড, ফিনল্যান্ড, নেদারল্যান্ডস, নরওয়ে, সুইডেন এবং সুইজারল্যান্ড।

এই ডেটায় দেখানো হয়েছে যে:

- সব কটি তুলনায়োগ্য দেশ UK-এর থেকে সমৃদ্ধশালী- কয়েকটা তো অনেকটাই বেশি সমৃদ্ধশালী।
- সব কটি তুলনায়োগ্য দেশে আয়ের বৈষম্য কম।
- সব কটি তুলনায়োগ্য দেশে দারিদ্র্যের হার কম।
- সব কটি তুলনায়োগ্য দেশে অপেক্ষাকৃত কমসংখ্যক শিশু দরিদ্র অবস্থায় জীবনযাপন করছে।
- অধিকাংশ তুলনায়োগ্য দেশ UK-এর তুলনায় বেশি সুখী।
- সব কটি তুলনায়োগ্য দেশের সামাজিক সচলতা বেশি।
- অধিকাংশ তুলনায়োগ্য দেশে বেতন সংক্রান্ত লিপ্সুগত বৈষম্য অপেক্ষাকৃত কম।



- সব কটি তুলনাযোগ্য দেশের উৎপাদনশীলতা UK-এর থেকে বেশি- কয়েকটা দেশে অনেকটাই বেশি।
- সব কটি তুলনাযোগ্য দেশে ব্যবসাক্ষেত্রে বিনিয়োগের প্রবণতা বেশি।

সংক্ষেপে বলা যায়, এই স্বাধীন দেশগুলি আরও সমৃদ্ধ, আরও সুখী এবং আরও ন্যায্য।

তাতে প্রমাণিত হয় যে UK-এর অংশ হিসাবে স্কটল্যান্ড বর্তমানে যে পরিণাম দেখাতে পারছে তার চেয়ে এরা আরও ভালো পরিণাম দেখাচ্ছে।

বলাই বাহুল্য, এইরকম ইয়োরোপীয় দেশের সমস্তরের সাফল্য পেতে রাতারাতি স্কটল্যান্ডের রূপবদল করা সম্ভব নয়।

স্বাধীন স্কটল্যান্ড যে গুণগত মানের সিদ্ধান্ত নেবে এবং এখানে যারা বসবাস করছেন তাদের প্রতিভার উপর এর সাফল্য নির্ভর করবে।

তবে প্রামাণিক তথ্য থেকে দেখা যায় যে তুলনাযোগ্য দেশগুলি যে আর্থিক এবং সামাজিক পরিণাম দেখিয়েছে তাদের মানানসই দেশ গড়ে তোলার জন্য পূর্ণ স্বাধীনতার ক্ষমতা থাকা বিশেষ জরুরী।

পূর্ণ ক্ষমতাসম্পন্ন স্বাধীনতা সহ স্কটল্যান্ডে ঠিক কিভাবে প্রগতি করা যায় সে বিষয়ে বহুবিধ মতামত থাকবে, তবে সেগুলি উপস্থিত বিকল্পগুলির উদাহরণ হিসাবেই কাজ করে।

স্কটল্যান্ডে সম্পদের প্রাচুর্য রয়েছে, তার মানে এখানে আরও উন্নতির সম্ভাবনা আছে। তাতে আছে প্রয়োজনের অতিরিক্ত প্রাকৃতিক শক্তি, খাদ্য পানীয়ের অসাধারণ ক্ষেত্র, বিশ্ব মানের বিশ্ববিদ্যালয়, উন্নতমানের উৎপাদন ক্ষমতা, চিত্তাকর্ষক প্রাকৃতিক ঐতিহ্য, এবং জলবায়ু পরিবর্তনে সারা বিশ্বে নেতৃত্ব করার মত দৃষ্টিভঙ্গি।

উপসংহারে বলা যায়, স্কটল্যান্ড অন্যান্য দেশগুলির অভিজ্ঞতা থেকে শিখে এবং স্বাধীনতার ফলে যে ক্ষমতা পাবে তা সদ্যবহার করে গুরুত্বপূর্ণ আর্থিক, সামাজিক এবং পরিবেশগত পরিণাম দেখাতে পারবে।

এইরকম অন্য দেশগুলি যদি সফল হতে পারে, তাহলে- আমাদের যে প্রতিভা, সম্পদ এবং প্রাকৃতিক সুযোগসুবিধা আছে তা নিয়ে স্বাধীন স্কটল্যান্ড - কেন সফল হতে পারবে না?

© The Scottish Government 2022

স্কটিশ সরকার দ্বারা জুন 2022 -এ প্রকাশিত

APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh
EH6 5NA

PPDAS1095222 (06/22) দ্বারা স্কটিশ সরকারের জন্য প্রস্তুতকৃত